



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

তারিখ: ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০১১.২৩.৮৬২

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নযোগ্য দিবস/কর্মসূচীর প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৬০১; তারিখ: ১৬/১০/২০২৪ খ্রি;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এবং তথ্য-প্রযুক্তি নির্ভর ভবিষ্যৎ বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৬/১০/২০২৪ তারিখের পরিপত্রের অন্তর্ভুক্তিকালীন সরকারের উপদেষ্টা পরিষদ কর্তৃক 'ক' শ্রেণিভুক্ত 'শেখ রাসেল দিবস' এবং 'খ' শ্রেণিভুক্ত 'স্মার্ট বাংলাদেশ দিবস' উদ্‌যাপন/পালন না করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ রোবট অলিম্পিয়াড, বাংলাদেশ বিপিও সামিট, টেক কার্নিভাল সহ ০৩ (তিন) টি দিবস উদ্‌যাপন করা হচ্ছে। পাশাপাশি মাঠ পর্যায়ের বিভিন্ন উদ্যোগ/সেবা সহজিকরণ/ডিজিটাইশন এবং জাতীয় পর্যায়ে কোন অনুষ্ঠান/ইভেন্ট/প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে জেলা/উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের থেকে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। প্রাপ্ত প্রস্তাব থেকে যাচাই-বাছাই করে নির্বাচিত উদ্যোগগুলোকে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থায়ন/ উপযুক্ত বরাদ্দ প্রদান করা হবে।

ক্রম	উদ্যোগ/ প্রস্তাব শিরোনাম	কার্যক্রম (বিবরণ)	কার্যপদ্ধতি	মন্তব্য (যদি থাকে)

০২। এমতাবস্থায়, অত্র অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে তাদের মতামত, কার্যক্রম, কর্মপরিকল্পনা, এবং কার্যপদ্ধতি আগামী ০৪ (চার) কর্মদিবসে মধ্যে উল্লিখিত ছক অনুযায়ী প্রেরণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-১০-২০২৪
তাপসী রাবেয়া
উপ-পরিচালক
+৮৮০ ২৪১ ০২৪০৭০
ddadmin@doict.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা আইসিটি অফিসার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। উপজেলা আইসিটি অফিসার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। এবং
- ৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০১১.২৩.৮৬২/১ (৫)

তারিখ: ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং
- ৫। অফিস কপি।



Tapasi

২৮-১০-২০২৪

তাপসী রাবেয়া

উপ-পরিচালক